[illegible]

সভাপতি : [illegible]
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
কাউনিয়া, রংপুর।
তারিখ : ১৬/০৬/২০২৪ খ্রি.।
সময় : বেলা ৩:০০ ঘটিকা।
স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "ক"
সভায় অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "খ"

সভার শুরুতেই চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও সভাপতি, উপজেলা পরিষদ কমিটির মাসিক বিশেষ সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং সভা পরিচালনা করার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করেন। সভায় আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয় :

| ক্রঃনং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপজেলা প্রকৌশলী জানান যে, (১)২০২৩-২৪ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী(এডিপি) প্রকল্প হতে সংস্কার ও মেরামত খাতে দুইটি দরপত্র (991715 এবং 9991722) ইজিপিতে আহবান করা হয়। দরপত্র মূল্যায়ন কালে দেখা যায় যে, দরপত্র দুটিতে সকল প্রকার আবেদন Non-Responsive হয়। বরাদ্দ তামাদি হওয়ার জটিলতা এড়ানোর জন্য =২০,০০,০০০/-(বিশ লক্ষ)টাকার মধ্যে =৭,৫০,০০০/-টাকা RFQ এবং ১২,৫০,০০০/-টাকার ০৭টি PIC কমিটির মাধ্যমে নিম্ন বর্ণিত প্রকল্প বাস্তবায়নের জন্য সভায় অনুরোধ করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে প্রাপ্ত বরাদ্দ=২০,০০,০০০/ টাকা জুন/২৪ মধ্যে =৭,৫০,০০০/- টাকা RFQ এবং ১২,৫০,০০০/- টাকার ০৭টি PIC কমিটির মাধ্যমে বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান,উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী, কাউনিয়া, রংপুর। |

**Rcc Road Of Upazila Inside road:**

01. **PIC- Maintenance work of Exterior Outer wall Upazila Old Administrative Building At Upazila,Kaunia Dist. Rangpur=1, 50,000.00**
02. **PIC- Maintenance work of Interior paint of Upazila Old Administrative Building At Upazila, Kaunia Dist. Rangpur=2,00,000.00**
03. **PIC- Maintenance work of artificial patent stone of Upazila Old Administrative Building At Upazila, Kaunia Dist. Rangpur=2,00,000.00**
04. **PIC- Maintenance work of Upazila Tween Quarter Building At Upazila, Kaunia Dist. Rangpur= 2,00,000.00**
05. **PIC- Maintenance Interior paint of Upazila Tween Quarter Building At Upazila,Kaunia Dist.Rangpur.= 2,00,000.00**
06. **PIC- Supplying Furniture of Upazila Tween Quarter Building At Upazila, Kaunia Dist. Rangpur=1,83,083.00**
07. **PIC- Supplying Furniture of Upazila Parishad At Upazila, Kaunia Dist. Rangpur=1,16,945.00**

**Total Amount=12, 50,000.00**

উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, প্রাপ্ত বরাদ্দ সমূহ জুন/২৪ মধ্যে কাজটি করতে হবে, সেহেতু সুষ্ঠুভাবে বাস্তবায়ণের লক্ষ্যে উপজেলা প্রকৌশলী এলজিইডি কাউনিয়াকে প্রাক্কলণ মোতাবেক বাস্তবায়নের জন্য অনুরোধ করেন।

| ক্রঃনং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ২। | টেপামধুপুর ইউপি ভায়ারহাট হতে বুড়ির হাট গামী রাস্তায় একটি কালভার্টের টপস্লাব ভেঙ্গে গেছে। স্লাবটি সংস্কার করা অতীব জরুরী । তিনি সভায় সিদ্ধান্তের জন্য পেশ করেন। | সভায় আলোচনান্তে টেপামধুপুর ইউপি ভায়ারহাট হতে বুড়ির হাট গামী রাস্তায় স্লাব সংস্কার জন্য পিআইসি কমিটির মাধ্যমে বিধি মোতাবেক বাস্তবায়ন করে উপজেলা উন্নয়ন খাত হতে চেক প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান,উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী, কাউনিয়া, রংপুর । |
| ৩। | উপজেলা প্রকৌশলী জানান যে, চলতি অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচীর (এডিপি) অতিরিক্ত অর্থ দ্বারা আরাজি সাহাবাজ উচ্চ বিদ্যালয়ের আসবাবপত্র সরবরাহ প্রকল্প গ্রহণের জন্য সভায় অনুরোধ জানান। | চলতি অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী(এডিপি) অতিরিক্ত অর্থ দ্বারা আরাজি সাহাবাজ উচ্চ বিদ্যালয়ের আসবাবপত্র সরবরাহের জন্য =২,০০,০০০/-টাকা পিআইসি কমিটির মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী,কাউনিয়া, রংপুর। |
| ৪। | উপজেলা প্রকৌশলী জানান যে, গত-০২/০৬/২০২৪ খ্রি. তারিখে ৬ষ্ঠ উপজেলা পরিষদ চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানগণের প্রথম ও মাসিক সভায় উপজেলা প্রকৌশল বিভাগ কর্তৃক কাউনিয়া বাস ষ্ট্যান্ড হতে রেললাইনগামী ড্রেণের উপর স্লাব স্থাপন বাবদ ২,০০,০০০/- টাকা পিআইসির মাধ্যমে উপজেলা উন্নয়ন খাত হতে ব্যয় নির্বাহের প্রকল্প গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। প্রাক্কলণ প্রস্তুতের সময় দেখা যায় যে, স্লাব স্থাপনের ২,৮৫,০০০/-টাকার প্রয়োজন।তাই প্রকল্পটি পিআইসি কর্তৃক বাস্তবায়ন সম্ভব নয়। তাই প্রকল্পটি আরএফকিউ মাধ্যমে ২,৮৫,০০০/-মূল্যে বাস্তবায়নের সিদ্ধান্ত প্রয়োজন। | প্রকল্পটি পরিস্থিতি বিবেচনায় ২,৮৫,০০০/-টাকায় উপজেলা উন্নয়ন খাতের ব্যয়ে আরএফকিউ মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী,কাউনিয়া, রংপুর। |

| | | | |
|---|---|---|---|
| ৬। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার বলেন যে, উপজেলার বন্যা কবলিত এলাকার মানুষের উদ্ধার ও ত্রাণ কার্যক্রম পরিচালনার জন্য দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় হতে একটি রেস্কিউ বোট বরাদ্দ পাওয়া যায়। কিন্তু বোটটি জ্বালানী ও মেরামতের অভাবে যান্ত্রিক ত্রুটি জনিত কারনে বন্ধ হয়ে আছে। বর্তমানে বন্যা পরিস্থিতি বিবেচনায় নিয়ে জরুরী ভিত্তিতে বোটটি মেরামতের জন্য অর্থ বরাদ্দ প্রয়োজন মর্মে তিনি সভায় জানান । এবিষয়ে একটি আবেদন দাখিল করা | বন্যা কবলিত মানুষের সুবিধার্থে রেস্কিউ বোটটি মেরামত ও জ্বালানী বাবদ অর্থ রাজস্ব খাতের অপ্রত্যাশিত তহবিল খাত হতে জ্বালানী বাবদ =২০,০০০/- এবং মেরামত বাবদ=২৫,০০০/- টাকার চেক উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও প্রকল্প বাস্তবায়ন অফিসার, উপজেলা প্রকৌশলী, কাউনিয়া, রংপুর। |
| ৫। | চেয়ারম্যান, ৫নং বালাপাড়া ইউনিয়ন পরিষদ জানান যে, ২০২৩-২০২৪ অর্থ বছরের উপজেলা পরিষদের ইউনিয়ন পরিষদের ট্যাক্স বাবদ= ১,৭৫,১৫৯/-টাকার বিল উপজেলা পরিষদ বরাবর দাখিল করা হয়েছে। তিনি দাখিলকৃত বিল পরিশোধের জন্য অনুরোধ করেন। | বালাপাড়া ইউনিয়ন পরিষদের উপজেলা পরিষদের ২০২৩-২৪ অর্থ বছরে ইউপি ট্যাক্স রাজস্ব তহবিল হতে ইউনিয়ন পরিষদের নিজস্ব তহবিলের নামে Ac Pay চেক প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, চেয়ারম্যান বালাপাড়া ইউপি ও উপজেলা প্রকৌশলী, কাউনিয়া, রংপুর। |

সভাপতি ও চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাউনিয়া, রংপুর সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানান এবং কাউনিয়া উপজেলা পরিষদের প্রাপ্ত বরাদ্দ সমূহ সুষ্ঠ ও সঠিকভাবে বাস্তবায়নের জন্য উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলীকে আনুরোধ করেন।

অত:পর আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

১৩/৬/২৪

(আনোয়ারুল ইসলাম)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ সভা কমিটি
কাউনিয়া, রংপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কাউনিয়া, রংপুর।
**www.kaunia.rangpur.gov.bd**

স্মারক নং-০৫.৫৫.৮৫৪২.০০৪.০২.০০৮.২৪- ৫৭০/১ তারিখঃ ১৩/০৬/২০২৪খ্রি.

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য ২২ রংপুর-৪(কাউনিয়া-পীরগাছা)।
২। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রি পরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৫। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
৬। জেলা প্রশাসক, রংপুর।
৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাউনিয়া, রংপুর।
৮। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাউনিয়া, রংপুর।
৯। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাউনিয়া, রংপুর।
১০। মেয়র, হারাগাছ পৌরসভা, হারাগাছ কাউনিয়া, রংপুর।
১১। চেয়ারম্যান, ..............................................(সকল), ইউ,পি কাউনিয়া, রংপুর।
১২। উপজেলা ..................................................অফিসার, কাউনিয়া, রংপুর।
১৩। অফিস কপি।

MHaque
১৩/০৬/২৪

(মোঃ মহিদুল হক)
উপজেলা নির্বাহী অফিসার
কাউনিয়া, রংপুর।
ফোন-০২৫৮৯৯৭৮২০১
**unokaunia@mopa.gov.bd**